পঃ বঃ মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক অনুমোদিত

# কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ

মোবাইল নং- 9732280962



শিক্ষাবর্ষ- 2023





স্থাপিত ইং- 2003




কল্লোলী, পোঃ- পঞ্চকোটরাজ, জেলা- পুরুলিয়া

উত্তিষ্ঠিত জাগ্রত প্রাপ্য বরাণ নিবোধতঃ

# !! আমাদের কথা !!

"ক্ষুদ্র আমি তুচ্ছ নই-জানি আমি ভাবি বনস্পতি"। -কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য্যের এই স্বগোক্তিটি প্রতিটি শিশুর ক্ষেত্রেই প্রযোজ্য। একটি বীজ যেমন জল, আলো, বাতাস ও অনুকূল পরিবেশের সহায়তায় ভবিষ্যতে বৃক্ষে পরিণত হয়, ফুলে ফলে সুশোভিত হয়ে ওঠে; ঠিক তেমনি প্রতিটি শিশুর মধ্যেই সুপ্ত অবস্থায় রয়েছে এক বিশাল প্রতিভা। প্রতিটি শিশুর সেই সুপ্ত প্রতিভাকে বিকশিত করার জন্য শৈশবকাল হতে উপযুক্ত পরিবেশে বিশেষ তত্ত্বাবধানে রেখে তাকে নির্দিষ্ট লক্ষ্যে পৌছানোর জন্য সাহায্য ও সহযোগিতা করতে হয়। স্বামী বিবেকানন্দ বলেছেন- "Arise, Awake and Stop not till the goal is reached." আদর্শ শিক্ষাদানের মাধ্যমেই নির্দিষ্ট লক্ষ্যে পৌছানোর সঙ্গে সঙ্গে তাদের সার্বিক বিকাশ সম্ভবপর হয়ে ওঠে।

শিক্ষাই জীবন। শিক্ষা ব্যতীত মানব জীবন হয়ে ওঠে অসম্পূর্ণ। তাছাড়া ছাত্ররাই হল দেশের ভবিষ্যৎ। তাদেরকে যদি আমরা সুশিক্ষায় শিক্ষিত করে তুলতে না পারি তাহলে ভবিষ্যৎ প্রজন্মের কাছ হতে আমরা কোন কিছুই আশা করতে পারি না। স্বামী বিবেকানন্দ বলেছেন- "মানুষের মধ্যে যে পূর্ণতা রয়েছে, তার প্রকাশই হচ্ছে শিক্ষা। শিক্ষা ছাড়া সব কিছুই ব্যর্থ।" -শিক্ষার দ্বারাই মানুষ তৈরী হয়, চরিত্র গঠন হয়। শিক্ষায় প্রতিটি মানুষের নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করে। সেই বিচিত্র যুগোপযোগী শিক্ষা ছাত্রছাত্রীদের হৃদয়মনে সঞ্চার করে শিক্ষক। শিক্ষকের কর্মই হল শিষ্যের পথ থেকে সব বাধা সরিয়ে দিয়ে ভবিষ্যতে তাকে দেশের আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলা।

বর্তমান আর্থ-সামাজিক প্রতিযোগিতার যুগে প্রতিটি শিশু মনের সার্বিক বিকাশ সাধনের জন্য, ভবিষ্যতে আদর্শ নাগরিক গড়ে তোলার জন্য প্রয়োজন মনোরম পরিবেশযুক্ত একটি শিক্ষায়তন। তাই আদর্শ শিক্ষাদানের লক্ষ্যকে সামনে রেখে এলাকার বিশিষ্ট শিক্ষক, শুভাকাঙ্খী ও শিক্ষানুরাগী ব্যক্তিদের পরামর্শ, সাহায্য ও সহযোগিতা নিয়ে কাশীপুর ব্লক অফিস ও হসপিটালের সন্নিকটে প্রকৃতির উন্মুক্ত এক আশ্রমিক পরিবেশে ২০০৩ সালের ২৫শে এপ্রিল কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ প্রতিষ্ঠিত হয়।

কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ একটি সম্পূর্ণ স্বশাসিত উন্নত আবাসিক সুবিধাযুক্ত বিদ্যালয়। এখানে শিশুশ্রেণী হতে দশম শ্রেণী পর্যন্ত পঠন পাঠনের সুযোগ সুবিধা রয়েছে। ২০১৩ সালের এপ্রিল মাসে বিদ্যালয়টি পঞ্চম হতে অষ্টম শ্রেণী পর্য্যন্ত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক (Un-Aided) অনুমোদন পেয়েছে। এই বিদ্যালয়ে

ট্যালেন্ট সার্চ পরীক্ষা, প্রাথমিক বৃত্তি পরীক্ষা, বিজ্ঞান মেধা পরীক্ষা দেওয়ার সুবন্দোবস্ত আছে। এখানে আধুনিক যুগোপযোগী শিক্ষার পাশাপাশি খেলাধুলা, শরীর চর্চা, সংগীত শিক্ষা, নৃত্য শিক্ষা, অঙ্কন শিক্ষা ও কম্পিউটার শিক্ষার সুব্যবস্থা রয়েছে।

অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকাদের অক্লান্ত পরিশ্রম ও সজাগ দৃষ্টি দিয়ে এখানকার ছাত্রছাত্রীদের শারীরিক, মানসিক, নৈতিক, বৌদ্ধিক শিক্ষায় শিক্ষিত করে তোলা হয়। তাছাড়া সারাবছর বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষার্থীদের মানসিক উন্নতি সাধনের সঙ্গে সঙ্গে তাদের সুস্থ সাংস্কৃতিক বোধ ও উন্নত সামাজিক দৃষ্টিভঙ্গী সম্পন্ন করে তোলা হয়।

বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষিকা সুদক্ষ শিক্ষন প্রণালীর মাধ্যমে বিদ্যালয়ের অনেক ছাত্র-ছাত্রী বর্তমানে নানা দিক দিয়ে সাফল্য পেয়ে সুনাম অর্জন করেছে। এই বিদ্যালয়ে কয়েকজন প্রাক্তন কৃতী ছাত্রছাত্রী বর্তমানে রামকৃষ্ণ মিশন, জেলা স্কুল ও নবোদয় বিদ্যালয়ে পাঠরত। বিজ্ঞান মেধা সন্ধান পরীক্ষায় ও ট্যালেন্ট সার্চ পরীক্ষায় আমাদের বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা প্রতি বছর ভালো ফল করে আসছে। বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার্থীরা গত বারো বছর ধরে সকলেই সাফল্যের সঙ্গে প্রথম ও দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। আশা করি অদূর ভবিষ্যতে বিদ্যালয়ের আরো বেশী সংখ্যক ছাত্র-ছাত্রী বিভিন্ন দিকে সাফল্য পেয়ে গঠন করবে উজ্জ্বল ভবিষ্যৎ।

একথা সত্য যে, মাতৃভাষাই হল শিক্ষার আদর্শ মাধ্যম। কিন্তু সর্বভারতীয় ক্ষেত্রে ইংরেজী ভাষার গুরুত্ব অপরিসীম। তাই ইংরাজী ভাষার গুরুত্ব উপলব্ধী করে শিশু শ্রেণী হতেই পাঠ্যক্রমে ইংরাজী আবশ্যিক বিষয় হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে। তাছাড়া বৃহত্তর ভারতে ব্যবহৃত ও ভারতের রাষ্ট্রভাষা হিসাবে পরিচিত হিন্দী ভাষাকে আমরা প্রথম শ্রেণী হতে পাঠ্যক্রমে রেখেছি। বর্তমান আর্থ-সামাজিক প্রতিযোগিতার যুগে ছাত্রছাত্রীদের ভবিষ্যতে প্রতিষ্ঠিত হতে কম্পিউটার শিক্ষা একান্ত আবশ্যক। সে কথা মনে রেখে প্রথম শ্রেণী হতে পাঠক্রমে কম্পিউটার শিক্ষার ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

পরিশেষে, স্বামী বিবেকানন্দের শিক্ষাকে বাস্তবায়িত করার লক্ষ্যকে মাথায় রেখে এলাকার শুভাকাঙ্খী ও শিক্ষানুরাগী ব্যক্তিদের পরামর্শ, শুভেচ্ছা ও সহযোগিতায় এই বিদ্যালয়টি একটি সুবৃহৎ আদর্শ বিদ্যালয়ে পরিণত হবে -- এই দৃঢ় বিশ্বাস রেখে আমাদের কথা শেষ করছি।

> "যে শিক্ষায় চরিত্র গঠন হয়, মনের শক্তি বৃদ্ধি পায়, বুদ্ধির বিকাশ হয়, নিজের পায়ে দাঁড়াতে পারে, সেই শিক্ষায় প্রকৃত শিক্ষা।"
>
> -- স্বামী বিবেকানন্দ ।।

## ॥ সম্পাদকের কথা ॥

স্বামী বিবেকানন্দ বলেছিলেন 'যে শিক্ষায় চরিত্র গঠন হয়, মনের শক্তি বৃদ্ধি পায়, বুদ্ধির বিকাশ হয়, নিজের পায়ে দাঁড়াতে পারে সেই শিক্ষায় প্রকৃত শিক্ষা।' কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ এই কাজটিই করে চলেছে দীর্ঘ **কুড়ি** বছরেরও বেশী সময় ধরে। মানুষের স্ব স্ব প্রতিভার সুষ্ঠ বিকাশ এবং তাকে পরিপূর্ণতা দানের জন্য এই বিদ্যায়তনে রয়েছে উপযুক্ত পরিকাঠামো সুযোগ্য প্রধান শিক্ষক, শিক্ষিকা, শিক্ষাকর্মী যথাযথ শিখন সহায়ক সরঞ্জাম (Teaching Learning Materials), সর্বোপরী শিক্ষা সহায়ক মনোরম পরিবেশ, সমৃদ্ধ পাঠাগার, খেলার মাঠ, ছত্রাবাস ইত্যাদি যা এই লক্ষ্য অর্জন করার ক্ষেত্রে সদাব্রতী। আমার দৃঢ় বিশ্বাস অদূর ভবিষ্যতে এলাকার শুভাকাঙ্খি ও শিক্ষানুরাগী ব্যক্তিদের পরামর্শ শুভেচ্ছা ও সহযোগিতায় এবং বিদ্যালায়ের সুযোগ্য শিক্ষক-শিক্ষিকার সাধু ও নিরলস প্রচেষ্টায় এই শিক্ষানিকেতন একটি সুবৃহৎ আদর্শ বিদ্যাপীঠে পরিণত হবে। আমি এই রকম একটি শিক্ষা প্রতিষ্ঠানের সম্পাদক হতে পেরে নিজেকে গর্ববোধ করি।

ধন্যবাদ

সম্পাদক

কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ

*"Your first duty is study, your second duty is study and your third duty is study."*

-- Lenin

## ।। প্রধান শিক্ষকের কথা ।।

প্রধান শিক্ষকের মতো একটি দায়িত্বপুর্ণ পদে থেকে বলতে পারি কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ বাংলা মাধ্যমের একটি আদর্শ শিক্ষা নিকেতন। যেখানে প্রতিটি শিক্ষার্থীর বৌদ্ধিক, মানসিক, প্রক্ষোভিক ও শারীরিক বিকাশে যথাযথ দায়িত্বের সঙ্গে এবং গুরুত্ব সহকারে সার্বিক প্রচেষ্টা চালানো হয়। শুধু পঠন-পাঠন নয়, শৃঙ্খলা শিষ্টাচার, খেলাধুলা শরীরচর্চা, ছবি আঁকা, সঙ্গীতচর্চা, নৃত্যকলা, আবৃত্তি শেখানো ইত্যাদি বিষয়গুলি গুরুত্ব ও যত্নসহকারে শেখানো হয়। এছাড়াও বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের আন্তরিক প্রচেষ্টা ও সহযোগিতায় প্রতিবছর বিবেকানন্দ জন্মজয়ন্তী, রবীন্দ্র জন্মজয়ন্তী, স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবস, শিক্ষক দিবস, রাখী বন্ধন উৎসব সাফল্যের সঙ্গে উদ্‌যাপন করা হয়। এই প্রতিষ্ঠানে প্রতিটি শিশুকে আলাদা আলাদা ব্যক্তিত্ব হিসেবে দেখে সম্পুর্ণ মানুষ গড়ার সবরকম সুষ্ঠ প্রয়াস বিধিবদ্ধ ভাবে অথচ আশ্রমিক পরিমন্ডলে নির্দিষ্ট লক্ষ্যে থেকে সুযোগ্য শিক্ষক, শিক্ষিকা, শিক্ষাকর্মী, পরিচালন সমিতি প্রমুখ সকলের সাধু অথচ আন্তরিক ভাবে এই প্রয়াস চালানো হয়। ধীরে অথচ সাবলীলভাবে এই শিক্ষা প্রতিষ্ঠানটি এলাকাবাসী, শুভানুধ্যায়ী এবং শিক্ষাব্রতী ও শিক্ষানুরাগী সকলের প্রচেষ্টায় একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের উদাহরণ হয়ে দাঁড়িয়েছে। অদূর ভবিষ্যতে এই বিদ্যালয়টি এলাকার মধ্যে একটি দৃষ্টান্ত স্বরূপ বিদ্যাপীঠে পরিণত হবে এই আশা রাখি।

ধন্যবাদ

প্রধানশিক্ষক

কাশীপুর বিবেকানন্দ বিদ্যাপীঠ

*"Have you faith in your self,*
*all power is in you,*
*Be conscious and bring it out."*

-- Vivekananda.

## ।। বিদ্যালয় সম্পর্কিত কয়েকটি জ্ঞাতব্য বিষয় ।।

১। **বিদ্যালয়ের পোষাক :** ছেলেদের গ্রীষ্মকালে :- হাতে এবং কলারে কফি রং এর বোর্ডার সহ ক্রীম রংয়ের হাফ হাতা জামা এবং কফি রংয়ের প্যান্ট।

শীতকালে :- হাতে এবং কলারে কফি রংয়ের বোর্ডার সহ ক্রীম রংয়ের হাফ হাতা জামা এবং কফি রংয়ের প্যান্ট সহ কফি রঙের শুয়েটার এবং কফি রঙের মাঙ্কি টুপি।

মেয়েদের গ্রীষ্মকালে :- হাতে এবং কলারে কফি রঙের বোর্ডার সহ ক্রীম রঙের জামা এবং কফি রঙের ফর্ক।

শীতকালে :- হাতে এবং কলারে কফি রঙের বোর্ডার সহ ক্রীম রঙের জামা এবং কফি রঙের ফর্ক এবং কফি রঙের শুয়েটার।

P.T.+ Prayer Uniform :- সাদা হাফ হাতা জামা এবং সাদা প্যান্ট সাদা কেটস্।

২। **বিদ্যালয়ের সময় :** সোমবার হইতে শুক্রবার :-

Nursery :- সকাল ৬.৪৫ — সকাল ৯.৪০ মিনিট।

**KG-I -- Class IV :- সকাল ৬.৪৫ — সকাল ১১.২০ মিনিট।**

Class-V to Class-X :- সকাল ১০.৪০ — বৈকাল ৪টা পর্যন্ত।

শনিবার :-

Nursery -- Class-IV :- সকাল ৬.৪৫ — সকাল ৯.৪০ মিনিট।

Class-V to Class-X :- সকাল ১০.৪০ — দুপুর ১.৪০ পর্যন্ত।

**Morning Shift (Nursery to Class-IV)**

**Day Shift Class-V to Class-X**

৩। বিদ্যালয়ের ভর্ত্তি ফর্মের সাথে নিম্নলিখিত নথিপত্রগুলি যুক্ত করে নির্দিষ্ট তারিখের মধ্যে অফিসে জমা করতে হবে।

(ক) ২.৫ ইঞ্চি / ৩.৫ ইঞ্চি সাইজের ৩ কপি ফটো, (খ) জন্ম প্রমান পত্রের জেরক্স কপি, (গ) বিদ্যালয় ত্যাগের শংসা পত্র। (ঘ) আধার কার্ডের জেরক্স বিদ্যালয়ে ভর্ত্তির জন্য ভর্ত্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিদ্যালয়ে নার্সারী হতে নবম শ্রেণী পর্যন্ত ভর্ত্তি নেওয়া হবে।

৪। **পরীক্ষা :** বিদ্যালয়ে প্রতিটি শিক্ষাবর্ষে তিনটি মূল পরীক্ষা হবে। প্রথম পর্ব, দ্বিতীয় পর্ব ও বার্ষিক পরীক্ষা। পরীক্ষায় পাশের জন্য কমপক্ষে ৪০ (চল্লিশ) শতাংশ নম্বর প্রতিটি বিষয়ে পেতে হবে। এছাড়া তিনটি ইউনিট টেস্ট হবে।

৫। **ভর্ত্তির বয়স :**

(ক) শিশু শ্রেণীতে ভর্ত্তির বয়স ন্যূনতম ৩ বছর।

(খ) প্রথম শ্রেণীতে ভর্ত্তির বয়স ন্যূনতম ৬ বছর।

(গ) পঞ্চম শ্রেণীতে ভর্ত্তির বয়স ন্যূনতম ১০ বছর হতে হবে।

**৬। বিদ্যালয়ে বেতন (ফি) :**

প্রতি মাসের ১ থেকে ১২ তারিখের মধ্যে বিদ্যালয়ের নির্দিষ্ট মাসিক টিউশন ফি ও কম্পিউটার ফি জমা করতে হবে। অন্যথায় মাসিক ফি এর সঙ্গে প্রতি মাসের জন্য ১০ টাকা অতিরিক্ত জমা করতে হবে।

**৭। পাঠ্যপুস্তক :**

ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট পাঠ্যপুস্তক (নার্সারী থেকে পঞ্চম শ্রেণী) ও অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বিদ্যালয়ের অফিস কক্ষ হতে নির্ধারিত দামে নির্দিষ্ট সময়ে সংগ্রহ করতে হবে।

**৮। যাতায়াত :**

অনাবাসিক ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে পৌঁছানো ও বিদ্যালয়ের ক্লাস শেষে বাড়ি নিয়ে যাওয়ার দায়িত্ব অভিভাবকদের। অবস্থার পরিপ্রেক্ষিতে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য গাড়ির ব্যবস্থা আছে।

**৯। বিশেষ প্রশিক্ষনের ব্যবস্থা :**

বিদ্যালয়ে সঙ্গীত, আবৃত্তি, নৃত্য, অঙ্কন, কম্পিউটার প্রশিক্ষনের ব্যবস্থা আছে।

**১০। লাইব্রেরী :**

বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী হতে দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের লাইব্রেরীর সুযোগ সুবিধা রয়েছে। লাইব্রেরী হতে তোলা বই ৭ দিনের মধ্যে জমা করতে হবে।

**১১। ট্রান্সফার সার্টিফিকেট :**

কোন ছাত্র-ছাত্রী টি.সি. নিতে চাইলে চলতি শিক্ষাবর্ষের সমস্ত ফি মিটিয়ে দিয়ে আবেদন করতে হবে। আবেদনের একদিন পরে ৫০ টাকার বিনিময়ে টি.সি. পাওয়া যাবে।

**১২। পুরস্কার :**

বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের নিয়মিত পড়াশুনা ও শরীরচর্চার সাথে সাথে সুস্থ সাংস্কৃতিক বোধের বিকাশের জন্য সংগীতচর্চা, নৃত্য, অঙ্কন শিক্ষা, আবৃত্তি, অভিনয় শিক্ষা প্রভৃতির ব্যবস্থা রয়েছে। ছাত্র-ছাত্রীদের এ সকল বিষয়ে আরও উৎসাহিত করার জন্য বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা, অঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার শেষে পুরস্কার ও প্রশংসাপত্র প্রদানের জন্য ব্যবস্থা আছে।

**১৩। পালিত দিবস :**

রবীন্দ্র জয়ন্তী, স্বাধীনতা দিবস, শিক্ষক দিবস, বিবেকানন্দের জন্ম দিবস, প্রজাতন্ত্র দিবস--বিদ্যালয়ে বিশেষভাবে পালন করা হয়।

**১৪। অভিভাবক ও বিদ্যালয় :**

বিদ্যালয় সম্পর্কিত কোন বিষয়ে অভিভাবকদের কোন বক্তব্য বা পরামর্শ থাকলে লিখিত ভাবে কমপ্লেন বক্সে তা জমা করতে হবে। বাৎসরিক তিনটি সাধারণ অভিভাবক সভায় সকল অভিভাবকদের উপস্থিতি একান্ত বাঞ্ছনীয়।

## ।। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়মাবলী ।।

১। প্রতিদিন ছাত্র-ছাত্রীদের প্রার্থনার ১০ মিনিট পূর্বে বিদ্যালয়ে উপস্থিত হতে হবে।

২। বিদ্যালয়ের নির্দিষ্ট ইউনিফর্মেই প্রত্যহ ছাত্র-ছাত্রীদের আসতে হবে।

৩। প্রত্যহ বিদ্যালয় বসার পূর্বে সমবেত প্রার্থণায় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে উপস্থিত থাকতে হবে।

৪। উপযুক্ত কারণ ব্যতীত বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের অনুপস্থিতি অবাঞ্ছনীয়।

৫। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে বিদ্যালয়ে ৮০ (আশি) শতাংশ উপস্থিত থাকতে হবে। অন্যথায় পরীক্ষায় বসার অনুমতি পাবে না।

৬। প্রত্যেক ছাত্র-ছাত্রীকে শিক্ষক শিক্ষিকা কর্তৃক দেয় বাড়ীর কাজ (Home Work) নিয়মিত করে আনতে হবে।

৭। ছাত্র-ছাত্রীদের কোন কারণে অনুপস্থিতি ঘটে থাকলে উপযুক্ত কারন সহ ছুটি মঞ্জুর করার জন্য প্রধান শিক্ষকের নিকট আবেদন করতে হবে।

৮। বিদ্যালয়ে ডায়েরী প্রতিদিন ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে আনতে হবে।

৯। বিদ্যালয়ে নির্দিষ্ট পোষাক, টাই, আই কার্ড, বেল্ট, ক্রীম রঙের মোজা ও কালো জুতো ব্যতীত শ্রেণী কক্ষে প্রবেশ নিষেধ।

১০। কোন ছাত্রছাত্রী একটানা ৩০ দিন বিদ্যালয়ে অনুপস্থিত থাকলে তার নাম বিদ্যালয়ের রেজিস্টার হতে বাদ দেওয়া হবে। পুনরায় নাম নথিভুক্ত করার জন্য ১০০ টাকা মাশুল জমা করতে হবে।

১১। বিদ্যালয়ের মধ্যে কোন হারিয়ে যাওয়া সামগ্রী কোন ছাত্রছাত্রী কুড়িয়ে পেলে তা বিদ্যালয়ের অফিসে জমা করতে হবে।

১২। বিদ্যালয়ের কোন আসবাব কোন ছাত্রছাত্রী ইচ্ছাকৃতভাবে নষ্ট করলে বা ভেঙে দিলে তার ক্ষতি পূরণ দিতে হবে।

১৩। ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে কোন দামী সামগ্রী (মোবাইল, ক্যামেরা), ছুরি, কাঁচি, ব্লেড আনা চলবে না।

১৪। কোন ছাত্র ছাত্রীর পর পর দুই মাস ফিস বকেয়া থাকলে তার নাম বিদ্যালয় রেজিস্টার হতে বাদ দেওয়া হবে। পুনরায় তাকে ফি জমা করে নাম নথিভুক্ত করতে হবে।

## ।। আবাসিক ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সামগ্রী ।।

১। ২ সেট বিদ্যালয়ের ইউনিফর্ম।
২। ২ সেট অন্যান্য পোশাক।
৩। মশারী, বিছানা, বালিশ, বেডসিট।
৪। বালতি, জগ, গামছা।
৫। থালা, বাটি, গ্লাস।
৬। আয়না চিরুনী।
৭। তালা-চাবি সহ একটি ছোটো বাক্স।
৮। প্রাতঃ কার্য্য ও স্নানের যাবতীয় জিনিস।
৯। ১সেট P.T. / Prayer Uniform (White)।

# ।। ছাত্রাবাসের নিয়মাবলী ।।

১। ছাত্রাবাসের ছাত্র-ছাত্রীদের সুপারদের তত্ত্বাবধানে বিশেষ নিয়ম শৃঙ্খলার মধ্যে থেকে নিয়মিত পড়াশুনা করতে হবে।

২। ছাত্রাবাসের ছাত্র-ছাত্রীদের পড়াশুনার জন্য বিদ্যালয়ের শিক্ষকেরা নিয়মিত সহযোগিতা করবেন এবং বিশেষ কোচিং এর ব্যবস্থা আছে।

৩। ছাত্রাবাসের দেওয়া খাদ্যই সকল ছাত্র-ছাত্রীকে গ্রহন করতে হবে। অভিভাবকদের কোন অতিরিক্ত খাদ্য ছাত্রাবাসে সরবরাহ করতে অনুমতি দেওয়া হবে না।

৪। আবাসিক ছাত্র-ছাত্রীদের মাসিক খরচ চলতি মাসের ১৫ তারিখের মধ্যে জমা করতে হবে। অন্যথায় ঐ ফি এর সঙ্গে অতিরিক্ত ৫০ টাকা জমা করতে হবে।

৫। ছাত্রাবাসে ছাত্র-ছাত্রীদের শারীরিক অসুস্থতার জন্য প্রধান শিক্ষক / সুপার অভিভাবককে অবগত করালে তাকে যত তাড়াতাড়ি সম্ভব বাড়ি নিয়ে যেতে হবে।

৬। ছাত্র-ছাত্রীদের কোন ছুটি ব্যতীত বিশেষ কারন বশতঃ বাড়ি নিয়ে যেতে চাইলে প্রধান শিক্ষক মহাশয়ের নিকট লিখিত আবেদন করতে হবে। আবেদন মঞ্জুর হলে অভিভাবক তাকে নিয়ে যেতে পারে।

৭। ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্য ও দৈহিক বিকাশের জন্য নিয়মিত শরীরচর্চা ও খেলাধুলার ব্যবস্থা আছে।

৮। আবাসিক ছাত্র-ছাত্রীদের আচরণ বা অভিভাবকের শৃঙ্খলাবোধে কোন ত্রুটি দেখা দিলে বৎসরের যে কোন সময় ছাত্র-ছাত্রীকে বাড়ি নিয়ে যেতে হতে পারে।

৯। ছাত্রাবাস বা বিদ্যালয় সংক্রান্ত কোন অভিভাবকের কোন বক্তব্য থাকলে তা লিখিত ভাবে কমপ্লেন বক্সে জমা করতে হবে।

১০। আবাসিক ছাত্র-ছাত্রীদের সঙ্গে অভিভাবকদের সাক্ষাৎ করার সময় প্রতি রবিবার সকাল ৯টা থেকে বৈকাল ৫টা। অভিভাবকেরা অনধিক ১ঘন্টা হোষ্টেলে থাকতে পারবে।



১১। কোন ছুটির শেষে বিদ্যালয় খোলার দিনে অভিভাবককে অবশ্যই ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে পৌঁছতে হবে।

১২। আবাসিক ছাত্রছাত্রীদের সঙ্গে বিদ্যালয়ের দীর্ঘ এক মাস কোন যোগাযোগ না থাকলে তার কোন সামগ্রী হারিয়ে গেলে বিদ্যালয় কর্তৃপক্ষ কোন রূপ দায়ী থাকবে না।

১৩। আবাসিক ছাত্র-ছাত্রীদের সঙ্গে প্রতি রবিবার মা-বাবা ব্যতীত অন্য কেউ সাক্ষাৎ করতে চাইলে অভিভাবককে বিদ্যালয়ে জানাতে হবে।

১৪। আবাসিক ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে পৌঁছানোর দিন ফোন মারফৎ অবশ্যই বিদ্যালয়ে অবগত করাতে হবে (সময় সকাল ৯টার মধ্যে এবং বিকাল ৪টার মধ্যে) অন্যথায় খাবার পেতে অসুবিধা হবে।

১৫। আবাসিক ছাত্রছাত্রীদের মেডিক্যাল বাবদ ৫০০ টাকা জমা করতে হবে। উক্ত টাকা খরচ না হলে বছরের শেষে ফেরত দেওয়া হবে।

১৬। আবাসিক ছাত্র-ছাত্রীর অভিভাবকেরা কেবলমাত্র দীর্ঘ ছুটির প্রথমদিন এবং প্রত্যেক রবিবার ছাত্রাবাসের ভিতরে প্রবেশ করতে পারবে। অন্য কোনদিন কোন প্রকারেই ছাত্রাবাসে প্রবেশ করা যাবে না।

১৭। আবাসিক ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসে অভিভাবক সমেত বিদ্যালয়ে আসতে হবে।

১৮। আবাসিক ছাত্র-ছাত্রীদের অভিভাবক ব্যতীত কোন প্রকারেই ছুটি দেওয়া যাবে না।

## ।। বিদ্যালয়ের অভিভাবকদের নিয়মাবলী ।।

১। বিদ্যালয়ের নির্দিষ্ট সময়ে ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে পৌঁছানো ও ছুটিতে বাড়ি নিয়ে যাওয়ার দায়িত্ব অভিভাবকদের।

২। বিদ্যালয় ডায়েরী প্রতিদিন অভিভাবকদের দেখতে হবে।

৩। কোন ছাত্র-ছাত্রদের কোনরূপ ছোঁয়াচে বা সংক্রামক রোগ দেখা দিলে তা সম্পূর্ণ নিরাময় না হওয়া পর্যন্ত বিদ্যালয়ে আসা নিষিদ্ধ।

৪। বিদ্যালয়ের কোন ছাত্রছাত্রীর হারিয়ে যাওয়া সামগ্রী ভুল বশতঃ কোন ছাত্রছাত্রীর ব্যাগে চলে গেলে তা ফেরত দেওয়া অভিভাবকের কর্তব্য।

৫। বিদ্যালয়ে ক্লাস চলাকালীন কোন অভিভাবকের শ্রেণী কক্ষে প্রবেশ করা নিষিদ্ধ।

৬। বিদ্যালয়ে ক্লাস চলাকালীন কোন ছাত্রছাত্রীকে বাড়ি নিয়ে যাওয়ার জন্য আবেদন করা অনুচিত।

৭। বিদ্যালয় সম্পর্কিত কোন বিষয় অভিভাবকদের কোন বক্তব্য বা পরামর্শ থাকলে তা লিখিত ভাবে কমপ্লেন বক্সে জমা করতে হবে।

৮। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মাসিক ফি (ক) নার্সারী হতে কেজি-২ এর ৫০০ টাকা (খ) প্রথম হতে চতুর্থ শ্রেণীর ৫৫০ টাকা (গ) পঞ্চম হতে অষ্টম শ্রেণীর ৬০০ টাকা। (ঘ) নবম ও দশম শ্রেণীর ৬০০ টাকা।

৯। প্রত্যেক ছাত্র-ছাত্রীর বকেয়া ফি প্রতি পরীক্ষার পূর্বে জমা করতে হবে। অন্যথায় পরীক্ষায় বসার অনুমতি পাবে না।

১০। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট ফি প্রতিমাসের ১ থেকে ১২ তারিখের মধ্যে জমা করতে হবে। অন্যথায় অতিরিক্ত ১০ টাকা মাশুল জমা করতে হবে।

## ।। আবাসিক ছাত্র-ছাত্রীদের দৈনন্দিন কর্মসূচী ।।

### Class -- I to Class -- IV

| | | |
|---|---|---|
| শয্যাত্যাগ | -- | সকাল ৫.৩০টা |
| প্রাতঃকৃত্য মুখধোয়া | -- | সকাল ৬.০০টা |
| প্রাতঃরাশ গ্রহন | -- | সকাল ৬.৩০টা |
| বিদ্যালয় গমন | -- | সকাল ৬.৪০টা |
| সমবেত প্রার্থণা | -- | সকাল ৬.৪৫টা |
| জলযোগ | -- | সকাল ৯.৪০টা |
| স্নান কার্য্য | -- | বেলা ১২টা |
| মধ্যাহ্ন ভোজন | -- | বেলা ১টা |
| বিশ্রাম | -- | দুপুর ১টা - ৩টা |
| পাঠন-পাঠন | -- | বৈকাল ৩টা - ৫টা |
| খেলাধূলা | -- | বৈকাল ৫টা - ৬টা |
| জলযোগ | -- | বৈকাল ৬.০০টা |
| প্রার্থণা | -- | সন্ধ্যা ৬.৩০টা |
| পঠন-পাঠন | -- | সন্ধ্যা ৭.০০ - ৯.৩০টা |
| নৈশ ভোজন | -- | রাত্রি ৯.৩০টা |
| শয্যা গ্রহন | -- | রাত্রি ১০.০০টা |

নিত্য যাহা পড়িবে
নিত্য তাহা অভ্যাস করিবে।
— বিদ্যাসাগর।

## ।। আবাসিক ছাত্র-ছাত্রীদের দৈনন্দিন কর্মসূচী ।।

### Class -- V to Class -- X

| | | |
|---|---|---|
| শয্যাত্যাগ | -- | সকাল ৫.৩০টা |
| প্রাতঃকৃত্য মুখধোয়া | -- | সকাল ৬.০০টা |
| প্রাতঃরাশ গ্রহন | -- | সকাল ৬.৩০টা |
| পঠন পাঠন | -- | সকাল ৬.৪৫টা - ৯.১৫টা |
| স্নান কার্য্য | -- | সকাল ৯.৩০টা - ১০.০০টা |
| জলযোগ | -- | সকাল ১০.০০টা - ১০.৩০টা |
| বিদ্যালয় গমন | -- | সকাল ১০.৩০টা |
| মধ্যাহ্ন ভোজন | -- | দুপুর ১.৪০টা - ২.১০টা |
| বিশ্রাম | -- | বৈকাল ৪.০০টা - ৫.০০টা |
| খেলাধূলা | -- | বৈকাল ৫টা - ৬টা |
| জলযোগ | -- | বৈকাল ৬.০০টা |
| প্রার্থণা | -- | সন্ধ্যা ৬.৩০টা |
| পঠন-পাঠন | -- | সন্ধ্যা ৭.০০ - ৯.৩০টা |
| নৈশ ভোজন | -- | রাত্রি ৯.৩০টা |
| শয্যা গ্রহন | -- | রাত্রি ১০.০০টা |

শিষ্যের পথ থেকে সব বাধা
সরিয়ে দেওয়ায় শিক্ষকের কাজ।
— স্বামী বিবেকানন্দ।

*"Money loss is nothing loss.*
*Health loss is something loss, but your*
*Character loss is everything loss"*
-- Swami Vivekananda.

# ।। কৃতী ছাত্রছাত্রীদের নামের তালিকা ।।

## 2022

| নাম | প্রাপ্ত নম্বর | গ্রেড | শতকরা |
|---|---|---|---|
| 1. মৌসুমী মাহাত | 612 | A+ | 87.42 |
| 2. স্নেহা পরামানিক | 588 | A+ | 84.00 |
| 3. সুতপা মন্ডল | 572 | A+ | 81.71 |

## 2021

| | | | |
|---|---|---|---|
| 1. নিকম টুডু | 652 | AA | 93.12 |
| 2. সর্বেশ্বর টুডু | 650 | AA | 92.85 |
| 3. সনত সরেন | 643 | AA | 91.85 |

## 2020

| | | | |
|---|---|---|---|
| 1. স্বরূপ মন্ডল | 603 | A+ | 86.14 |
| 2. প্রিয়ঙ্কা গঁরাই | 602 | A+ | 86.00 |
| 3. অপূর্ব মর্ন্ডল | 577 | A+ | 82.43 |

## 2019

| | | | |
|---|---|---|---|
| 1. রাজকুমার মুর্মু | 568 | A+ | 81.14 |
| 2. তরুণ মন্ডল | 551 | A | 78.71 |
| 3. সুদীপা মন্ডল | 527 | A | 75.28 |

## 2018

| | | | |
|---|---|---|---|
| 1. রবিলোচন মুর্ম্মু | 550 | A | 78.57 |
| 2. সুমন বাউরী | 527 | A | 75.28 |
| 3. সুশান্ত মান্ডি | 498 | A | 71.14 |

## 2017

| | | | |
|---|---|---|---|
| 1. সুজয় মেহেতা | 570 | A+ | 81.42 |
| 2. সমিতা মাঝি | 503 | A | 71.85 |
| 3. পুষ্পলতা কিস্কু | 501 | A | 71.57 |

## 2016

| | | | |
|---|---|---|---|
| 1. প্রকাশ মাহাত | 605 | A+ | 86.42 |
| 2. সুমিতা মন্ডল | 570 | A+ | 81.42 |
| 3. শুভদীপ বাউরী | 500 | A | 71.42 |

## 2015

| | | | |
|---|---|---|---|
| 1. পল্টু মন্ডল | 610 | A+ | 87.20 |
| 2. বিশ্বনাথ কর | 605 | A+ | 86.42 |
| 3. অমিত দুবে | 595 | A+ | 85.00 |

## 2014

| | | | |
|---|---|---|---|
| 1. সৌরভ পরামানিক | 506 | A | 72.30 |
| 2. জ্বালারাণী মাঝি | 452 | A | 64.60 |
| 3. বিকাশ গোস্বামী | 424 | A | 60.60 |

## 2013

| | | | |
|---|---|---|---|
| 1. আবির দুবে | 542 | A | 77.50 |
| 2. সৌরভ রায় | 516 | A | 73.80 |
| 3. আশীষ মন্ডল | 482 | A | 68.90 |

## II বিদ্যালয়ের ভর্ত্তির সময় ফি (অনাবাসিক) II

| বিষয় | নার্সারী - কেজি ২ | প্রথম - চতুর্থ | পঞ্চম - নবম |
|---|---|---|---|
| ১। ভর্ত্তির ফি | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| ২। উন্নয়ণ ফি | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| ৩। পরীক্ষা ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ৪। টিউশন ফি (মাসিক) | ৪৮০.০০ | ৪৮০.০০ | ৫৩০.০০ |
| ৫। বৈদুতিক বিল (") | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ৬। সরস্বতী পূজা | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৭। ক্রীড়া | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৮। সাংস্কৃতিক | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ৯। বৈদ্যুতিক খরচ | ৩০০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ |
| ১০। কম্পিটার ফি | —— | ৫০.০০ | ৫০.০০ |
| ১১। লাইব্রেরী ফি | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১২। I. Card | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১৩। Diary | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| মোট -- | ২৮০০.০০ | ২৮৫০.০০ | ২৯০০.০০ |

## II অনাবাসিক ছাত্রছাত্রীদের সেশনাল ফি (চার্জ) II

| বিষয় | নার্সারী - কেজি ২ | প্রথম - চতুর্থ | পঞ্চম - অষ্টম | নবম - দশম |
|---|---|---|---|---|
| ১। এনরোলমেন্ট ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ২। উন্নয়ণ ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ৩। পরীক্ষা ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ৪। টিউশন ফি (মাসিক) | ৪৮০.০০ | ৪৮০.০০ | ৫৩০.০০ | ৫৮০.০০ |
| ৫। বৈদুতিক বিল (") | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ৬। সরস্বতী পূজা | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৭। ক্রীড়া | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৮। সাংস্কৃতিক | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ৯। বৈদ্যুতিক খরচ | ২৫০.০০ | ২৫০.০০ | ২৫০.০০ | ২৫০.০০ |
| ১০। কম্পিটার ফি | —— | ৫০.০০ | ৫০.০০ | —— |
| ১১। লাইব্রেরী ফি | —— | —— | ৫০.০০ | ৫০.০০ |
| ১২। আই কার্ড-ডায়েরী | ১৫০.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ১৫০.০০ |
| মোট -- | ১৭০০.০০ | ১৭৫০.০০ | ১৮৫০.০০ | ১৮৫০.০০ |

## II বিদ্যালয়ের ভর্ত্তির সময় ফি (আবাসিক) II

| বিষয় | প্রথম - চতুর্থ | পঞ্চম - অষ্টম | নবম - |
|---|---|---|---|
| ১। ভর্ত্তির ফি (বিদ্যালয়) | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| ২। ভর্ত্তির ফি (ছাত্রাবাস) | ৩০০০.০০ | ৩০০০.০০ | ৩০০০.০০ |
| ৩। ভর্ত্তির ফি | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| ৪। পরীক্ষা ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ৫। টিউশন ফি (মাসিক) | ৪৮০.০০ | ৫৩০.০০ | ৫৮০.০০ |
| ৬। বৈদুতিক বিল (") | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ৭। কোচিং ফি (মাসিক) | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ |
| ৮। খাবার খরচ (মাসিক) | ১৮০০.০০ | ১৮০০.০০ | ১৮০০.০০ |
| ৯। সরস্বতী পূজা | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১০। ক্রীড়া | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১১। সাংস্কৃতিক | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ১২। বৈদ্যুতিক খরচ | ৪৫০.০০ | ৪৫০.০০ | ৪৫০.০০ |
| ১৩। ধৌতাদি খরচ (মাসিক) | ৫০.০০ | ৫০.০০ | —— |
| ১৪। কম্পিটার ফি | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১৫। লাইব্রেরী ফি | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১৬। I. Card, Diary | ১৫০.০০ | ১৫০.০০ | ১৫০.০০ |
| ১৭। Medicine Fee | —— | —— | —— |
| মোট -- | ৮১০০.০০ | ৮১৫০.০০ | ৮৪০০.০০ |

## II আবাসিক ছাত্রছাত্রীদের মাসিক ফি II

| বিষয় | প্রথম - চতুর্থ | পঞ্চম - অষ্টম | নবম - দশম |
|---|---|---|---|
| ১। খাবার খরচ | ১৮০০.০০ | ১৮০০.০০ | ১৮০০.০০ |
| ২। টিউশন ফি | ৪৮০.০০ | ৫৩০.০০ | ৫৮০.০০ |
| ৩। কম্পিউটার ফি | ৫০.০০ | ৫০.০০ | —— |
| ৪। কোচিং ফি | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ |
| ৫। বৈদুতিক খরচ | ১৭০.০০ | ১৭০.০০ | ১৭০.০০ |
| ৬। ধৌতাদি খরচ | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| মোট -- | ২৮০০.০০ | ২৮৫০.০০ | ৩১০০.০০ |

## ।। আবাসিক ছাত্র-ছাত্রীদের সেশনাল ফি।।

| বিষয় | প্রথম - চতুর্থ | পঞ্চম - অষ্টম | নবম - দশম |
|---|---|---|---|
| ১।এনরোলমেন্ট | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ২।উন্নয়ন ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ৩।পরীক্ষা ফি | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ৪।টিউশন ফি (মাসিক) | ৪৮০.০০ | ৫৩০.০০ | ৫৮০.০০ |
| ৫।বৈদ্যুতিক বিল (") | ১৭০.০০ | ১৭০.০০ | ১৭০.০০ |
| ৬।সরস্বতী পূজা | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৭।ক্রীড়া | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ৮।সাংস্কৃতিক | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ৯।বৈদ্যুতিক খরচ | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ |
| ১০।কম্পিটার ফি | ৫০.০০ | ৫০.০০ | —— |
| ১১।লাইব্রেরী ফি | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১২।আই. কার্ড | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১৩।ডায়েরী | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ |
| ১৪।কোচিং ফি | ২৫০.০০ | ২৫০.০০ | ৫০০.০০ |
| ১৫।খাবার খরচ | ১৮০০.০০ | ১৮০০.০০ | ১৮০০.০০ |
| ১৬।ধৌতাদি | ৫০.০০ | ৫০.০০ | ৫০.০০ |
| ১৭।Medical | —— | —— | —— |
| মোট -- | ৪০০০.০০ | ৪০৫০.০০ | ৪৩০০.০০ |

## ।। অনাবাসিক ছাত্র-ছাত্রীদের মাসিক ফি।।

| বিষয় | নার্সারি - কেজি২ | প্রথম - চতুর্থ | পঞ্চম - অষ্টম | নবম - দশম |
|---|---|---|---|---|
| ১।টিউশন ফি (মাসিক) | ৪৮০.০০ | ৪৮০.০০ | ৫৩০.০০ | ৫৮০.০০ |
| ২।ইলেকট্রিক বিল (") | ২০.০০ | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ৩।কম্পিউটার ফি | —— | ৫০.০০ | ৫০.০০ | —— |
| মোট -- | ৫০০.০০ | ৫৫০.০০ | ৬০০.০০ | ৬০০.০০ |

# শিক্ষক শিক্ষিকা মন্ডলী- ২০২৩

## Teaching Staff (Secondary Section)

| | | |
|---|---|---|
| 1. Sri Murulidhar Mandal | Headmaster | M.A., D.EL.Ed. |
| 2. Sri Sanjib Kumar Beltharia | Asstt. H.M. | M.A., D.EL.Ed. |
| 3. Sri Lakshmi Kanta Chatterjee | Asstt. Teacher | M.A. (Beng), D.EL.Ed. |
| 4. Sri Hareram Gorain | Asstt. Teacher | B.A. (Eng), D.EL.Ed. |
| 5. Sri Rahul Bauri | Asstt. Teacher | M.A. (Eng), B.Ed. |
| 6. Sri Narendranath Mahato | Asstt. Teacher | B.Sc. (Hons. Math), B.Ed. |
| 7. Sri Hitteswar Mahato | Asstt. Teacher | B.Sc. (Hons. Math), B.Ed. |
| 8. Sri Siddheswar Paramanik | Asstt. Teacher | B.Sc. (Bio), D.EL.Ed. |
| 9. Sri Kajal Majee | Asstt. Teacher | M.Sc. (Chem), B.Ed. |
| 10. Sri Aktar Ansari | Asstt. Teacher | M.A. (Hist), B.Ed. |
| 11. Sri Amalendu Layek | Asstt. Teacher | M.A. (Geo), B.Ed. |
| 12. Sri Nayan Mandal | Asstt. Teacher | B.Tech, Computer |
| 13. Sri Amrit Mandal | Asstt. Teacher | M.P.Ed. |

## Teaching Staff (Primary Section)

| | | |
|---|---|---|
| 1. Sri Umapada Mahato | Asstt. Teacher | M.A. (Geo), B.Ed. |
| 2. Sri Biswanath Chatterjee | Asstt. Teacher | B.A. |
| 3. Smt. Rita Banerjee | Asstt. Teacher | B.A. D.EL.Ed. |
| 4. Smt. Aparna Chatterjee | Asstt. Teacher | B.A. D.EL.Ed. |
| 5. Smt. Deepshikha Chowdhury | Asstt. Teacher | B.A. (Hons Geo), D.EL.Ed. |
| 6. Smt. Babli Sarkar | Asstt. Teacher | B.A. |
| 7. Sohana Banu | Asstt. Teacher | B.A. D.EL.Ed. |
| 8. Sri Kailash Rajak | Asstt. Teacher | B.A. (Hons Eng), D.EL.Ed. |
| 9. Sri Amrit Mandal | Asstt. Teacher | M.P. Ed. |
| 10. Smt. Priyanka Roy | Asstt. Teacher | M.A. (Beng), D.EL.Ed. |
| 11. Miss Rimpa Chowdhury | Asstt. Teacher | B.A. |
| 12. Smt. Madhuri Acharya | Asstt. Teacher | M.A. (Beng.) |
| 13. Smt. Soma Mahato | Asstt. Teacher | B.A. |
| 14. Miss Chhanda Bauri | Asstt. Teacher | B.A. |
| 15. Sri Sachin Das | Asstt. Teacher | H.S. (Drawing) |
| 16. Smt Anita Sutradhar | Caretaker | H.S. |

## Non Teaching Staff

1. Sri Suresh Bauri (Clerk) B.A.
2. Sri Sibaram Bauri (Gate Keeper) H.S.
3. Sri Mithun Singh Sardar (Gate Keeper) H.S.
4. Smt. Bhakti Mahato
5. Smt. Dulali Majhi
6. Smt. Sanaka Mahato

Form No.-- 154

# ADMISSION FORM

# KASHIPUR VIVEKANANDA VIDYAPITH

Kolloli, P.O.—Panchakote Raj, Dist—Purulia (W.B)
*Affiliated to W.B.B.S.E. (Memo No. :- S/RC/2013/69)*
U-DISE Code :- 19141007005
**ESTD.- 2003**
(TO BE FILLED BLOCK LETTER ONLY)

Paste 2.5×3.5 cm Color Photo

Application for Admission Class [ ] Hostel [ ]

1. Name of Student: (Block Letter) [ ]
2. Father's Name: [ ]
3. Mother's Name: [ ]
4. Guardians Occupation: [ ] Contact No. [ ]
   Whatsapp No. [ ]
5. Date of Birth (As per Birth Certificate) [ ] Birth Regn. No.- [ ]
6. Age (As on 01.01.2023): [ ] Years [ ] Months [ ] Days
7. Aadhaar No. [ ] Blood Group- [ ]
8. Sex (Please Tick Mark): Male [ ] Female [ ] 9. Religion: [ ]
10. Social Catergory (Please Tick Mark) : Gen [ ] S.C. [ ] S.T. [ ] OBC [ ] 11. BPL: Yes [ ] No [ ]
12. Present Address: Vill. [ ] Post. [ ]
    G.P.- [ ] Block- [ ]
    P.S. [ ] Dist. [ ] PIN [ ]
13. Parmanant Address: Vill. [ ] Post. [ ]
    G.P.- [ ] Block- [ ]
    P.S. [ ] Dist. [ ] PIN [ ]
14. Previous School [ ] Previous Class [ ]
15. Bank Details : Bank Name [ ] A/c. No.- [ ] IFSC : [ ]

Declaration: -- "I do here by declare that all statements made above in the application form are true to the best of my knowledge and belief. I shall abide by all the rules & disciplines provided by the school authorities."

Enclose: 1) Colour Photo 3 Copies 2) Birth Certificate Xerox.
3) School Leaving Certificate (Original) 4) Aadhar Card Xerox

For Office use only
Date of admission: ____________
Signature: ____________
Admission No. : ____________

Signature of Student

Signature of Guardian








